

নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও-  
ঝমঝম বর্ষা। ভাদ্র মাসের দিন। আজ দিন পনেরো  
ধরে বর্ষা নেমেছে, তার আর বিরামও নেই, বিশ্রামও  
নেই। ক্ষুদিরাম ভট্টাচার্যের বাড়ি আজ দু'দিন হাঁড়ি চড়ে  
নি। ক্ষুদিরাম সামান্য আয়ের গৃহস্থ। জমিজমার  
সামান্য কিছু আয় এবং দু-চার ঘর শিষ্যযজমানের  
বাড়ি ঘুরে ঘুরে কায়ক্লেশে সংসার চলে। এই ভীষণ  
বর্ষায় গ্রামের কত গৃহস্থের বাড়িতেই পুত্র-কন্যা  
অনাহারে আছে, ক্ষুদিরাম তো সামান্য গৃহস্থ মাত্র।  
যজমান বাড়ি থেকে যে কটি ধান এসেছিল তা ফুরিয়ে  
গিয়েছে। ভাদ্রের শেষে আউশ ধান চাষীদের ঘরে  
উঠলে তবে আবার কিছু ধান ঘরে  
আসবে, ছেলেপুলেরা দুবেলা পেট পুরে খেতে পাবে।  
নেপাল ও গোপাল ক্ষুদিরামের দুই ছেলে। নেপালের  
বয়স বছর বারো, গোপালের দশ।

\*\* সঠিক উত্তর নির্বাচন করো:

১। তোমার মতে বর্ষাকালের পরিবেশ কেমন হয়?

ক) রোদ উজ্জ্বল

খ) ঝমঝম করে বৃষ্টি

গ) পরিষ্কার মেঘ মুক্ত আকাশ

ঘ) কোনোটিই নয়।

২। আমাদের প্রধান খাদ্যশস্য কোনটি?

ক) লুচি

খ) পাপড়

গ) চাটনি

ঘ) ভাত

৩। এখানে কতদিন ধরে বর্ষা নামার কথা বলা হয়েছে?

ক) দিন দশ ধরে

খ) দিন পনেরো ধরে

গ) দিন কুড়ি ধরে

ঘ) দিন বারো ধরে।

৪। আলোচ্য অংশে বাংলার কোন মাসের নাম আছে?

ক) কার্তিক

খ) ভাদ্র

গ) আশ্বিন

ঘ) শ্রাবণ।

৫। ক্ষুদিরাম ভট্টাচার্যের বাড়ি কতদিন হাড়ি চড়ে নি?

ক) দু দিন

খ) এক দিন

গ) তিন দিন

ঘ) অর্ধেক দিন।